

## গ্রহণযোগ্য নথিপত্রের উদাহরণ

### পরিচয়ের প্রমাণ

মার্কিন যুক্তরাষ্ট্রের স্থায়ী রেসিডেন্ট কার্ড (গ্রিন কার্ড),  
মার্কিন যুক্তরাষ্ট্রের ওয়ার্ক পারমিট, ন্যাচারলাইজেশন,  
মার্কিন যুক্তরাষ্ট্রের পাসপোর্ট বই বা কার্ড, ড্রাইভিং  
লাইসেন্স, DMV নন-ড্রাইভার্স আইডি, IDNYC, মার্কিন  
যুক্তরাষ্ট্রের ন্যাচারলাইজেশন সার্টিফিকেট, মার্কিন  
যুক্তরাষ্ট্রের নাগরিকত্বের সার্টিফিকেট, NYS EBT/CBIC  
কার্ড, স্কুল আইডি, বিবাহের সনদ, জন্ম সনদ

### বসবাসের প্রমাণপত্র

রেসিডেন্সি চুক্তিপত্র, ভাড়ার চুক্তিপত্র (মেয়াদ উত্তীর্ণ  
নয় এমন), ভাড়ার রসিদ (সর্বশেষ 90 দিনের), বন্ধকী  
বিবৃতি বা সম্পত্তি করের রেকর্ড, ইউটিলিটি বিল/ব্যাংক  
স্টেটমেন্ট (সর্বশেষ 90 দিনের), পোস্টমার্কযুক্ত থাম  
(সর্বশেষ 90 দিনের), হোটেল/মোটেল বিল, হাসপাতালের  
বিল, স্ব-ঘোষিত বাসস্থানের বিবৃতি।

### পারিবারিক আয়ের প্রমাণপত্র

পেস্টার, জব লেটার, পেনশন অ্যাওয়ার্ড লেটার, পাবলিক  
অ্যাসিস্ট্যান্স ইনকাম লেটার, চাইল্ড সাপোর্ট/অ্যালিমনি  
লেটার, বেকারত্বের ক্ষতিপূরণ বিষয়ক অ্যাওয়ার্ড লেটার,  
সোশ্যাল সিকিউরিটি অ্যাওয়ার্ড লেটার, SSI/SSD  
অ্যাওয়ার্ড লেটার, ওয়ার্কার্স কম্পেনসেশন অ্যাওয়ার্ড  
লেটার, সাম্প্রতিকতম W2/ট্যাক্স রিটার্ন, সাপোর্ট লেটার  
বা আয়ের স্ব-ঘোষণা

## বীমা যোগ্যতা নিরূপণ

যদি আপনার ইতিমধ্যেই অন্য কোনও সংস্থার সহকারী  
দ্বারা অথবা New York স্টেট অফ হেলথ মার্কেটপ্লেসের  
মাধ্যমে আপনার বীমা যোগ্যতার জন্য স্ক্রিনিং করা হয়ে  
থাকে (গত 30 দিনে)

### যদি আমি আমার স্বাস্থ্য বীমা কভারেজ সম্পর্কে জানতে অপেক্ষা করার সময় একটি বিল পাই তবে কী হবে?

আপনি যদি স্বাস্থ্য বীমার জন্য আবেদন করে  
থাকেন, তাহলে আপনার আবেদন পর্যালোচনার  
সময় আপনাকে বিল পরিশোধ করতে বলা হবে না।  
যদি আপনি বিল পান, তাহলে আপনার আমাদের  
সাথে যোগাযোগ করা উচিত এবং একজন আর্থিক  
পরামর্শদাতার সাথে কথা বলার জন্য অনুরোধ করা  
উচিত যিনি আপনাকে সাহায্য করবেন।

### আমি কিভাবে আবেদন করব?

আমাদের আর্থিক পরামর্শদাতা আপনাকে স্বাস্থ্য  
বীমা কভারেজ বা আর্থিক সহায়তার জন্য আবেদন  
করতে সাহায্য করতে পারেন। একজন আর্থিক  
পরামর্শদাতার সঙ্গে কথা বলার জন্য  
1-844-692-4692 নম্বরে ফোন করুন এবং  
অপশন 3 নির্বাচন করুন।

NYC  
HEALTH+  
HOSPITALS

NYC  
CARE



আবেদন করার অন্যান্য উপায় সম্পর্কে  
তথ্যের জন্য nyccare.nyc-এই  
ঠিকানায় ভিজিট করুন।

NYC Health + Hospitals সকলের জন্য স্বাস্থ্যসেবা প্রদান করে। আমরা সকল রোগীর অধিকার এবং গোপনীয়তাকে সম্মান  
করি, এমনকি যারা কাগজপত্রবিহীন তাদেরও। আমরা ইংরেজি ভাষাভাষী নন এমন ব্যক্তিদের ডাক্তার এবং অন্যান্য কর্মীদের  
সাথে কথা বলতেও সাহায্য করি। আমাদের কর্মীরা আলবেনীয়, আরবি, বাংলা, চীনা, ফরাসি, হাইতিয়ান ক্রেওল, হিন্দি, কোরিয়ান,  
পোলিশ, রাশিয়ান, স্প্যানিশ এবং উর্দু সহ অনেক ভাষায় কথা বলতে পারেন। দোভাষী পরিষেবাও উপলব্ধ আছে। আপনি আপনার  
ভাষায় তথ্য পেতে পারেন।

আরও জানতে এবং  
তালিকাভুক্ত হতে, কল করুন এই নাম্বারে


1-646-NYC-CARE  
1-646-692-2273

nyccare.nyc



সাথে থাকুন। আমাদেরকে অনুসরণ করুন।

# NYC Health + Hospitals আর্থিক সহায়তা



NYC  
HEALTH+  
HOSPITALS

NYC  
CARE



স্বাস্থ্য বীমা নেই?  
চিন্তা করবেন না, আমরা আপনাকে সাহায্য করতে পারি।

আপনার উচ্চমানের এবং সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার রয়েছে। চিকিৎসা সেবা সাশ্রয়ী মূল্যের হওয়া নিশ্চিত করার সর্বোত্তম উপায় হল স্বাস্থ্য বীমায় নথিভুক্ত হওয়া। আমরা আপনার জন্য উপলব্ধ বিকল্পগুলি ব্যাখ্যা করতে এবং আপনার ও আপনার পরিবারের জন্য সর্বোত্তম পরিকল্পনায় নথিভুক্ত হতে সহায়তা করতে পারি। যদি আপনি যোগ্য না হন বা উপলব্ধ বিনামূল্যে বা স্বল্পমূল্যের স্বাস্থ্য বীমা পরিকল্পনাগুলোর কোনোটি বহন করতে না পারেন, তাহলে আপনি আমাদের আর্থিক সহায়তা কর্মসূচির মধ্যে একটি – **NYC Care** বা **Options** – এর জন্য যোগ্য হতে পারেন, যা আপনাকে এবং আপনার পরিবারকে সাশ্রয়ী মূল্যে স্বাস্থ্যসেবা প্রদান করতে সহায়তা করবে।

**আমি কীভাবে উপলব্ধ বিকল্পগুলি সম্পর্কে জানতে পারি?**  
একজন NYC Health + Hospitals আর্থিক পরামর্শদাতার সাথে কথা বলুন, যিনি আপনাকে এবং আপনার পরিবারকে বিনামূল্যে বা স্বল্প মূল্যের স্বাস্থ্য বীমায় নথিভুক্ত হতে সহায়তা করতে পারেন, যদি আপনি যোগ্য হন। আমাদের আর্থিক পরামর্শদাতারা আপনি যোগ্য হতে পারেন এমন বিভিন্ন ধরনের স্বাস্থ্য বীমা পরিকল্পনা থেকে বেছে নিতে সহায়তা করতে পাশে আছেন। যদি আপনি কোনো স্বাস্থ্য বীমা পরিকল্পনার জন্য যোগ্য না হন, বীমা কভারেজ বহন করতে না পারেন, অথবা চিকিৎসা খরচের জন্য অর্থ না থাকে, তবে আপনি আমাদের আর্থিক সহায়তা কর্মসূচির মধ্যে একটি জন্য যোগ্য হতে পারেন।

**NYC Care** New York সিটিতে বসবাসরত এমন মানুষদের জন্য উপলব্ধ, যারা স্বাস্থ্য বীমার জন্য যোগ্য নন বা বীমা বহন করতে পারেন না।

**Options** New York সিটি বা Nassau বা Westchester কাউন্টিতে বসবাসরত বা সফরকারী এমন মানুষের জন্য উপলব্ধ, যারা স্বাস্থ্য বীমার জন্য যোগ্য নন বা বীমা বহন করতে পারেন না।

**স্বাস্থ্য বীমা কেন গুরুত্বপূর্ণ?**  
কেউই আঘাত পেতে বা অসুস্থ হতে চায় না, তবে অনাকাঙ্ক্ষিত চিকিৎসাজনিত ঘটনা ঘটতেই পারে। একটি স্বাস্থ্য বীমা পরিকল্পনা এই অনাকাঙ্ক্ষিত ব্যয়ের কিছু অংশ পরিশোধ করতে সহায়তা করে, যার মধ্যে রয়েছে চলমান বড় চিকিৎসা বিল ও প্রেক্ষিপশন ওষুধ, এবং এটি আপনাকে মানসিক শান্তি দিতে পারে। আমরা এটিও জানি যে, যাদের স্বাস্থ্য বীমা আছে, তারা এবং তাদের পরিবার সুস্থ থাকার জন্য প্রয়োজনীয় প্রতিরোধমূলক সেবা গ্রহণের সম্ভাবনা বেশি থাকে।

**আমি কেমন পরিশোধ করতে হবে?**  
বিনামূল্যে বা স্বল্পমূল্যের অনেক স্বাস্থ্য বীমা পরিকল্পনা উপলব্ধ রয়েছে। আমরা আপনার সাথে সেই বিকল্পগুলি নিয়ে আলোচনা করতে পারি। যদি আপনি স্বাস্থ্য বীমার জন্য যোগ্য না হন এবং আর্থিক সহায়তার জন্য যোগ্য হন, তাহলে আপনি একটি সাশ্রয়ী মূল্যে পরিষেবা পাবেন। পরবর্তী পৃষ্ঠার চার্টে দেখানো হয়েছে যে, আমাদের আর্থিক সহায়তা কর্মসূচির অধীনে আপনাকে কতটুকু পরিশোধ করতে হতে পারে। আপনার ডাক্তার দেখানোর ফি \$0 পর্যন্ত কম হতে পারে।

**আবেদনের জন্য আমার কী প্রয়োজন?**  
আপনাকে আপনার, আপনার পরিবার এবং পরিবারের আয় সম্পর্কে তথ্য দিতে বলা হবে। আমরা আপনাকে বিভিন্ন স্বাস্থ্য বীমা পরিকল্পনা এবং আর্থিক সহায়তা কর্মসূচির মধ্যে থেকে আপনার যোগ্যতার ভিত্তিতে সঠিকটি নির্বাচনে সহায়তা করব। এটি একটি নিরাপদ আবেদনপত্র, এবং কোনো তথ্য অভিবাসন কর্মকর্তাদের সাথে শেয়ার করা হয় না।

**আমার কি কোনও নথিপত্র প্রদান করতে হবে?**  
আপনি কিসের জন্য যোগ্য তার উপর নির্ভর করে আপনাকে নথিপত্র সরবরাহ করতে বলা হতে পারে। নীচের প্রতিটি বিভাগ থেকে একটি করে নথি সরবরাহ করতে প্রস্তুত থাকুন। আপনি যদি স্ব-শরীরে আবেদন করে থাকেন তবে দয়া করে সেগুলি আপনার সাথে নিয়ে আসুন। আপনি যদি ফোনে আবেদন করেন, তাহলে আপনাকে MyChart-এ আপলোড করতে বলা হবে অথবা আপনার অ্যাপয়েন্টমেন্টের সময় সেগুলো প্রদান করতে বলা হবে। যদি আপনার কাছে নির্দিষ্ট কোনও নথি না থাকে তবে চিন্তা করবেন না! আমরা এরপরও সাহায্য করতে পারব।

**ধাপ 1:**  
আপনার পরিবারের সদস্যসংখ্যা খুঁজুন (অনুগ্রহ করে আপনার সাথে বসবাসকারী সব প্রাপ্তবয়স্ক ব্যক্তি ও শিশু সহ হিসাব করুন)।

**ধাপ 2:**  
এরপরে, যেকোনো একটি স্তরে এক বছরে আপনি যে পরিমাণ অর্থ পান তা খুঁজে বের করুন।

**ধাপ 3:**  
ক্লিনিক ভিজিট, জরুরি রুম ভিজিট, এবং হাসপাতালে অবস্থানের জন্য আপনার পরিবারের সদস্য সংখ্যা ও আয়ের ভিত্তিতে আপনাকে কত পেমেন্ট করতে বলা হতে পারে তা দেখতে নিচের চার্টটির কলাম দেখুন।

ফেডারেল দারিদ্র্য সীমা (FPL)	200% FPL	201 - 250% FPL		251 - 300% FPL		301 - 350% FPL		351 - 400% FPL		401 - 500% FPL	
পরিবারের সদস্য সংখ্যা	এরচেয়ে কম	এরচেয়ে বেশি	এরচেয়ে কম	এরচেয়ে বেশি	এরচেয়ে কম	এরচেয়ে বেশি	এরচেয়ে কম	এরচেয়ে বেশি	এরচেয়ে কম	এরচেয়ে বেশি	এরচেয়ে কম
1	31,300	31,301	39,125	39,126	46,950	46,951	54,775	54,776	62,600	62,601	78,250
2	42,300	42,301	52,875	52,876	63,450	63,451	74,025	74,026	84,600	84,601	105,750
3	53,300	53,301	66,625	66,626	79,950	79,951	93,275	93,276	106,600	106,601	133,250
4	64,300	64,301	80,375	80,376	96,450	96,451	112,525	112,526	128,600	128,601	160,750
5	75,300	75,301	94,125	94,126	112,950	112,951	131,775	131,776	150,600	150,601	188,250
6	86,300	86,301	107,875	107,876	129,450	129,451	151,025	151,026	172,600	172,601	215,750
7	97,300	97,301	121,625	121,626	145,950	145,951	170,275	170,276	194,600	194,601	243,250

মেডিকেল ক্লিনিক ভিজিট	\$0	\$20	\$20	\$30	\$40	\$50
আচরণগত স্বাস্থ্য ক্লিনিক ভিজিট	\$0	\$15	\$20	\$30	\$40	\$50
শুধু-ভ্যাকসিনের ভিজিট	\$0	\$0	\$0	\$0	\$0	\$0
জরুরি কক্ষে ভিজিট	\$0	\$30	\$30	\$60	\$60	\$100
প্রেসক্রিপশনের ড্রাগ (প্রতি প্রেসক্রিপশনে)	\$0	\$3	\$3	\$6	\$6	\$20
অ্যাম্বুলেটরি সার্জারি	\$0	\$200	\$200	\$450	\$450	\$650
ম্যাগনেটিক রেজোন্যান্স ইমেজিং (MRI)	\$0	\$50	\$50	\$100	\$100	\$150
পসিট্রন এমিশন টোমোগ্রাফি (PET)	\$0	\$150	\$150	\$300	\$300	\$500
অসুস্থতার কারণে হাসপাতালে ভর্তি থাকা	\$0	\$150	\$400	\$900	\$1200	\$1500
কো-পে, কো-ইন্সুরেন্স এবং ডিডাক্টিবল	\$0	খরচের 10% ভাগ		খরচের 20% ভাগ		খরচের 30% ভাগ

উপরের উল্লিখিত আয়ের চেয়ে বেশি আয় বিশিষ্ট পরিবারের রোগীদের জন্য ফি NYC Health + Hospitals-এর সেলফ-পে (Selfpay) রেটের ভিত্তিতে নির্ধারণ করা হবে।